

এতিমখানা, অনাথ আশ্রম এবং ধর্মীয় উদ্দেশ্যে প্রতিষ্ঠিত কোনো প্রতিষ্ঠানের ক্ষেত্রে ধারা ১৩৮ ও ধারা ১৫৩ অনুসারে অগ্রিম কর সংগ্রহ করতে হবে না।

৩। মোটরযান মালিকগণের নিকট হতে পূর্ববর্তী বছরসমূহের অগ্রিম কর সংগ্রহ করা যাবে কি না?

১ জুলাই ২০২৫ তারিখ হতে কোনো মোটরযানের ক্ষেত্রে ধারা ১৫৩ এর অধীন পূর্ববর্তী বছরসমূহের জন্য প্রযোজ্য অগ্রিম কর সংগ্রহ করার প্রযোজ্যতা নাই। তবে, বাণিজ্যিকভাবে পরিচালিত মোটরযান হতে ধারা ১৩৮ অনুসারে পূর্ববর্তী বছরসমূহের জন্য প্রযোজ্য অগ্রিম কর সংগ্রহ করতে হবে।

৪। আয়কর আইন, ২০২৩ এর ১৫৩ (২) ধারায় “ব্যক্তি” স্থলে বর্তমান অর্থ অধ্যাদেশ, ২০২৫ এর উপধারা ২ এ “স্বাভাবিক ব্যক্তি” প্রতিস্থাপিত হয়েছে। কোনো স্বাভাবিক ব্যক্তি বলতে এখানে কি বোঝানো হয়েছে?

আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৫৩(২) অনুসারে স্বাভাবিক ব্যক্তি বলতে Individual Taxpayer-কে বোঝানো হয়েছে।

উদাহরণ

জনাব কিশোর আহমেদ একজন স্বাভাবিক ব্যক্তি করদাতা। জনাব হামিদ রহমান আরেকজন স্বাভাবিক ব্যক্তি করদাতা।

১) জনাব কিশোর আহমেদ যদি নিজ নামে একাধিক মোটরযানের মালিক হোন, তাহলে এক এর অধিক প্রতিটি মোটরযানের জন্য জনাব কিশোর আহমেদ-কে ৫০% (পঞ্চাশ শতাংশ) অধিক হারে ধারা ১৫৩ অনুযায়ী অগ্রিম কর পরিশোধ করতে হবে।

২) জনাব কিশোর আহমেদ এর নামে একটি মোটরযান রয়েছে। তাছাড়া, জনাব কিশোর আহমেদ আরেকজন স্বাভাবিক ব্যক্তি জনাব হামিদ রহমান এর সাথে যৌথভাবে আরেকটি গাড়ির মালিক। এক্ষেত্রে, জনাব কিশোর আহমেদ-কে এক এর অধিক মোটরযানের জন্য ৫০% (পঞ্চাশ শতাংশ) অধিক হারে ধারা ১৫৩ অনুযায়ী অগ্রিম কর পরিশোধ করতে হবে।

৩) তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি নামক কোম্পানির নামে যদি ৩০টি মোটরযান থাকে, তাহলে এক এর অধিক প্রতিটি মোটরযানের জন্য এ কোম্পানিকে ৫০% (পঞ্চাশ শতাংশ) অধিক হারে ধারা ১৫৩ অনুযায়ী অগ্রিম কর পরিশোধ করতে হবে না।

৪) পানি উন্নয়ন বোর্ড রিটার্ন দাখিল হতে অব্যাহতিপ্রাপ্ত একটি প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানটি রিটার্ন দাখিল হতে অব্যাহতিপ্রাপ্ত বিধায় প্রতিষ্ঠানটির নামে রেজিস্ট্রিকৃত গাড়ির জন্য ধারা ১৩৮ ও ধারা ১৫৩ অনুযায়ী অগ্রিম কর পরিশোধ করতে হবে না।

৫। ধারা ১৩৮ অনুসারে ৫২ সিট বিশিষ্ট বাসের অগ্রিম করের হার কত?

৫২ সিট বিশিষ্ট বাসের অগ্রিম করের হার ১ জুলাই ২০২৫ তারিখ হতে ২০,০০০/- (বিশ হাজার টাকা)।

৬। ধারা ১৩৮ ও ধারা ১৫৩ এ উল্লিখিত অগ্রিম কর প্রযোজ্য হবে না এরূপ প্রতিষ্ঠানসমূহকে পুনরায় জাতীয় রাজস্ব বোর্ড হতে প্রত্যয়ন সংগ্রহ করতে হবে কি না?

অর্থ অধ্যাদেশ, ২০২৫ এর মাধ্যমে আয়কর আইন, ২০২৩ এর অধীন ধারা ১৩৮ ও ধারা ১৫৩ অনুসারে অগ্রিম কর পরিশোধ হতে অব্যাহতিপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে পুনরায় জাতীয় রাজস্ব বোর্ড হতে প্রত্যয়ন সংগ্রহ করতে হবে না। তবে, অব্যাহতিপ্রাপ্ত নয় এরূপ ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ধারা ১৩৮ ও ধারা ১৫৩ এর অধীন কর পরিশোধ হতে অব্যাহতি পেতে হলে জাতীয় রাজস্ব বোর্ড হতে অব্যাহতি সনদ গ্রহণ করতে হবে।

MM Mahommed Hanan
04/08/2025
(এইচ এম শাহরিয়ার হাসান)
দ্বিতীয় সচিব (কর আইন-১)
কর নীতি উইং
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

✓ **প্রাপক:**

চেয়ারম্যান

বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)

নতুন বিমানবন্দর সড়ক, ঢাকা-১২১২

পত্র নম্বর-০৮.০১.০০০০.০৩০.০৭.০২৮.২০২৫

তারিখ: ২০ ভাদ্র, ১৪৩২ বঙ্গাব্দ
০৪ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২। কর কমিশনার, কেন্দ্রীয় কর জরিপ অঞ্চল, ঢাকা।
- ৩। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অফিস কপি/গার্ড কপি।

(এইচ এম শাহরিয়ার হাসান)
দ্বিতীয় সচিব (কর আইন-১)
কর নীতি উইং
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।